দৈনিক ইত্তেফাক

দৈনিক ইত্তেফাক

তারিখ ... Aug. 2 1999
পৃষ্ঠা ২ কলাম ৮

## পরীক্ষায় ফেল করায় শিক্ষক প্রহৃত ।। ভাংচুর

ময়মনসিংহ (উত্তর) সংবাদদাতা ।। গতকাল (রবিবার) সকালে মুক্তাগাছা শহীদ স্মৃতি সরকারী কলেজে ডিগ্রী পরীক্ষায় অকৃতকার্য ছাত্ররা ১ জন কলেজ শিক্ষককে প্রহার ও কলেজে ব্যাপক ভাংচুর করে। উক্ত কলেজের ৯৮ সনের ডিগ্রী পরীক্ষায় ১০৬ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে। গত শনিবার প্রকাশিত ফলাফলে কলেজ হইতে মাত্র ৬ জন পাস করিলে ফেল করা ছাত্ররা গতকাল সকালে কলেজ গেটে অবস্থান নেয়। সকাল ১০ টায় পদার্থ বিজ্ঞানের অধ্যাপক মাহবুবুল আলম মোটর সাইকেল যোগে কলেজে ঢুকিবার সময় ছাত্ররা তাহাকে মারধর করে এবং মোটর সাইকেলের ক্ষতিসাধন করে। পরে উত্তেজিত ছাত্ররা অধ্যক্ষের কক্ষ ঘেরাও করিয়া তাহাকেও লাঞ্ছিত করে এবং কলেজের বিভিন্ন কক্ষ ও আসবাবপত্রের ব্যাপক ক্ষতিসাধন করে।